

দেবত্র ট্রাষ্ট বোর্ডের করণ কোচবিহার

স্মারক নং : ২৩৩/১৭/১৩/১৮

তারিখ : ২৪-০১-১৮

বিজ্ঞপ্তি

জলা ইজারা বন্দোবস্ত সংক্রান্ত :

নিম্নলিখিত তপশীলভুক্ত জলাশয় (পুকুর) ও (তিন) বৎসরের জন্য নিম্নলিখিত শর্তে ইজারা বন্দোবস্ত দেওয়া হবে। সেই উদ্দেশ্যে ইচ্ছুক মৎস্যজীবী সমবায় সমিতি / মৎস্য উৎপাদক গোষ্ঠী / স্বনির্ভর গোষ্ঠীর নিকট হইতে আগামী ২৪.০১.২০১৭ তারিখ হইতে ১৫.০২.২০১৭ তারিখ বেলা ২ টা পর্যন্ত মুখবন্ধ খামে দরপত্র জমা দেওয়ার আবেদন রাখা হচ্ছে। যাহা শুধুমাত্র ডাকযোগে গৃহীত হইবে।

উক্ত দরপত্রসমূহ মুখবন্ধ খামে “সচিব দেবত্র ট্রাষ্ট বোর্ড”, কোচবিহার করণে গৃহীত হইবে।

ঃ দরপত্র জমা দেওয়ার শর্তাবলী ঃ

- ১। মৎস্যজীবী সমবায় সমিতি / মৎস্য উৎপাদক গোষ্ঠী / স্বনির্ভর গোষ্ঠী দরপত্র জমা দিতে পারবে।
- ২। দরপত্র মুখবন্ধ খামে জমাকারীর সম্পূর্ণ ঠিকানা সমেত সচিব দেবত্র ট্রাষ্ট বোর্ড, কোচবিহার করণে জমা দিতে হবে এবং খামের উপর অবশ্যই জলাশয়ের (পুকুর) নাম লিখতে হবে।
- ৩। উক্ত জলাশয়ের ন্যূনতম ইজারা মূল্য বাৎসরিক ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাত্র ধার্য করা হয়েছে। উক্ত মূল্যের নিম্নে কোনো দরপত্র গ্রাহ্য হবে না।
- ৪। যে সংস্থার প্রদত্ত দরপত্র সর্বোচ্চ মূল্যের হবে তাকেই মেয়াদী বন্দোবস্ত দেওয়া হবে।
- ৫। মুখবন্ধ অবস্থায় দরপত্র সচিব দেবত্র ট্রাষ্ট বোর্ড, কোচবিহার করণে প্রেরিত হলে, নির্ধারিত দিনে সকল দরপত্র প্রদানকারীর উপস্থিতিতে দরপত্র বিবেচনা করে সর্বোচ্চ দরপত্র প্রদানকারী সংস্থার পক্ষে মেয়াদী বন্দোবস্তের প্রক্রিয়া গ্রহণ করা হবে।
- ৬। দরপত্র বিবেচনা নির্ধারিত দিনটি হল ইংরেজি ১৫.০২.২০১৭ তারিখ, স্থান - সচিব দেবত্র ট্রাষ্ট বোর্ডের করণ, মদন মোহন ঠাকুরবাড়ি, কোচবিহার, সময় - বিকাল ৪ ঘটিকায়।
- ৭। আপনার দরপত্র দেওয়া জলার পূর্বে কোনো দেয় বাকী থাকিলে উক্ত টাকা পরিশোধ না করা পর্যন্ত আপনার সহিত কোনো প্রকার জলা বন্দোবস্ত করা হবে না এবং আপনার বর্তমান দরপত্র বাতিল হবে, সেক্ষেত্রে উক্ত জলা অন্যত্র বন্দোবস্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। প্রথমবর্ষের দরপত্রের ইজারা মূল্যের ২৫% অর্থ দরপত্র গৃহীত হওয়ার সময়েই প্রদান করতে হবে বাকি ৭৫% অর্থ পরবর্তী ৭ দিনের মধ্যে চুক্তিপত্র করার সময় জমা করতে হবে।
- ৯। দ্বিতীয়বর্ষ হইতে ইজারা মূল্য পূর্ববর্তী বৎসর অপেক্ষা ৫% হারে বৃদ্ধি পাবে। কোনো কারণ না দর্শায়া কর্তৃপক্ষের যে কোন দরপত্র বাতিল করবার ক্ষমতা বলবৎ থাকবে।

তপশীল বর্ণিত জলাশয় :

ডাঙ্গারাই দিঘী

মৌজা - শহর কোচবিহার

জে. এল. নং - ১৩০

এল. আর. নং - ৩৬৫৬

এল আর দাগ নং - ৭৮৪

জমির পরিমাণ - ৩.৮৯০ একর

শ্রেণী পুকুর (ডাঙ্গারাই)


সচিব
দেবত্র ট্রাষ্ট বোর্ড
কোচবিহার।

স্মারক নং : ২৩৩/১৭(১৩)/১৩/১৮

তারিখ : ২৪-০১-১৮

অত্র পত্রের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। মাননীয় সভাপতি কোচবিহার জেলা পরিষদ, কোচবিহার
- ২। মাননীয় জেলাশাসক, কোচবিহার
- ৩। মাননীয় অতিরিক্ত জেলা শাসক, কোচবিহার।
- ৪। মাননীয় জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কোচবিহার।
- ৫। মাননীয় মহকুমা শাসক, সদর কোচবিহার
- ৬-১০। মাননীয় মহকুমা ভূমিসংস্কার আধিকারিক, সদর কোচবিহার / রুক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কোচবিহার ১ ও ২ নং / সমষ্টি উন্নয়ন আধিকারিক, কোচবিহার ১ ও ২ নং।
- ১১। মাননীয় জেলা মৎস্য আধিকারিক, মৎস্য দপ্তর কোচবিহার।
- ১২। মাননীয় ডি.ওয়াই.ও., এন.আই.সি., কোচবিহার
- ১৩। নোটিশ বোর্ড


সচিব
দেবত্র ট্রাষ্ট বোর্ড
কোচবিহার।